যদি কোনো পুরুষ অথবা বলেছেন কোনো ব্যক্তি তোমার অনুমতি ব্যতীরেকে তোমার দিকে উঁকি মারে আর তুমি তার প্রতি কঙ্কর নিক্ষেপ করে তার চক্ষু উপড়ে ফেলো, এতে তোমার কোন অপরাধ হবে না।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “যদি কোনো পুরুষ অথবা বলেছেন কোনো ব্যক্তি তোমার অনুমতি ব্যতীরেকে তোমার দিকে উঁকি মারে আর তুমি তার প্রতি কঙ্কর নিক্ষেপ করে তার চক্ষু উপড়ে ফেলো, এতে তোমার কোন অপরাধ হবে না।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দিয়েছন যে, যখন কোনো ব্যক্তি অনুমতি ব্যতীরেকে কারো দরজা বা দেয়ালের উপর থেকে বা অন্য কোনভাবে উঁকি মারে তাহলে তাকে কঙ্কর নিক্ষেপ করে তার চক্ষু উপড়ে ফেললে বা তার চোখে লোহা বা অন্য কিছু দিয়ে আঘাত করলে এতে আঘাতকারী ব্যক্তি অন্যের অঙ্গ ধ্বংস করার অপরাধে অপরাধী হবে না এবং তার কোন কিসাসও হবে না। কেননা দৃষ্টিপাতকারী ব্যক্তিই সীমালঙ্ঘনকারী ও এ ধরণের কাজ করায় অপরাধী।

http://www.sunnah.global/hadeeth/bn/show/2989